NOV. 28 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

### সেভ দ্য চিলড্রেন, ইউএসএর উদ্যোগ

# বয়স্ক ও শিশুদের জন্য গল্প বলার ঢঙে পড়ালেখা পদ্ধতি চালু করতে প্রকল্প

কাগজ প্রতিবেদক : লেখাপড়া শুরু করা বয়স্ক এবং শিশু শিক্ষার্থীদের পড়াকে আকর্ষণীয় করার জন্য গল্প বলার ঢঙে গল্প, ছবি, সুন্দর প্রচ্ছদসম্পন্ন বই পড়তে দেওয়া দরকার।

গতকাল মঙ্গলবার 'ব্র্যাক ইন'এ আয়োজিত সেভ দ্য চিলড্রেন, ইউএসএর উদ্যোগে 'রিডিং ফর চিলড্রেন' প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ মতামত রাখেন। সংগঠনের ফিল্ড অফিস ডিরেক্টর হেলেন গালেরের পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মহিলা ও শিশু মন্ত্রণালয়ের যুগ্মসচিব দীনা হক, ইউনিসেফ প্রতিনিধি ড. জেমস জেনিংস, ইউনিসেফ-এর সাবেক পরিচালক ড. মনজুর আহমেদ, ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট-এর প্রতিনিধি ড. টেরি ক্যালি এবং সেভ দ্য চিলড্রেন-এর নেপাল প্রতিনিধি ক্যারোলিন অরনন্ড।

বক্তারা বলেন, জটিল ভৌগোলিক অবস্থান এবং সামাজিক অবস্থানে যে সমস্ত শিশু এবং বয়স্ক শিক্ষার্থীরা কেবল পড়াশোনা শুরু করেছে তাদের কাছে পড়াকে আকর্ষণীয় করে তোলা দরকার যাতে করে তাদের পড়তে ভালো লাগে এবং পড়ার অনুশীলন থেকে প্রয়োজনীয় বিষয়গুলো শিখতে পারে।

বক্তারা বলেন, সরকার বিভিন্ন সময়ে শিশু এবং বয়স্ক শিক্ষার্থীদের জন্য বিভিন্ন প্রকল্প হাতে নিলেও সেগুলো সফল হয়নি। কিন্তু এনজিওদের সহযোগিতায় সরকার এ ধরনের কার্যকর বিভিন্ন প্রকল্প হাতে নিতে পারে। তারা জানান, এনজিওগুলো সবসময়ই সরকারের সঙ্গে এ ধরনের প্রকল্পে কাজ করতে আগ্রহী।

'রিডিং ফর চিলড্রেন' প্রকল্প শিশু শিক্ষার্থীদের পাশাপাশি ৪৯২ জন বয়স্ক নারী শিক্ষার্থীদের ওপরেও কাজ করছে। সেভ দ্য চিলড্রেন-এর এই প্রকল্পটি ডিপার্টমেন্ট অব ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট লন্ডনের অর্থায়নে দেশীয় এবং আন্তর্জাতিক ৫টি এনজিওর সমন্বয়ে পরিচালিত হচ্ছে।